২৫৮।২০০০

পৃষ্ঠা ২৫ কলাম ৬

শিক্ষক নেতৃবৃন্দের উদ্বেগ

# বেসরকারি শিক্ষকদের বেতনের সরকারি অংশ প্রদান অনিয়মিত

**নিজস্ব প্রতিবেদক**

বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের জুন ও জুলাই মাসের সরকারি অংশের টাকা চলতি আগস্ট মাসেও পাওয়া নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রতি মাসের টাকা পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রদানের ব্যবস্থা চালু করা হলেও গত মে মাসের বেতন দেওয়ার সময় থেকে ওই নিয়ম রক্ষা করা হচ্ছে না।

জানা যায়, গত মে মাসের সরকারি অংশের টাকা এখন অর্থাৎ চলতি আগস্ট মাসে শিক্ষক-কর্মচারীরা উঠাচ্ছেন। জুন ও জুলাই মাসের সরকারি অংশের টাকার চেক অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে গতকাল মঙ্গলবার পর্যন্ত কোনো আদেশ জারি করা হয়নি।

এদিকে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান ও সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলম এবং বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মোঃ শাহজাহান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ আঃ রশিদ পৃথক গতকাল মঙ্গলবার পৃথক বিবৃতিতে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সরকারি অংশের টাকা প্রদান অনিয়মিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন।